

# আলিম পরীক্ষায় শেখ মুজিবকে নিয়ে প্রশ্নে বিতর্ক

নিজস্ব প্রতিবেদক

০২ জুলাই ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক  
**আমাদেশময়**



বাংলাদেশ মান্দাসা শিক্ষা বোর্ডের আলিম পরীক্ষায় শেখ মুজিবুর রহমানকে নিয়ে করা একটি প্রশ্নকে ঘিরে বিতর্ক তৈরি হয়েছে। ২০২৫ সালের এ পরীক্ষার বাংলা বিষয়ের প্রশ্নপত্রে ‘ভরসা হলো, আর দমাতে পারবে না’- শেখ মুজিবুর রহমানের এই বক্তব্যকে উদ্বৃত্ত করে ওই প্রশ্নটি করা হয়। বিষয়টি ইতোমধ্যেই সামাজিক মাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়েছে; যা নিয়ে শিক্ষার্থীরা বিস্ময় প্রকাশ করেছেন। ক্ষেত্রের জন্ম দিয়েছে নেটিজেনদের মধ্যেও। গতকাল মঙ্গলবার এই পরীক্ষা অনুষ্ঠিত হয়।

আলোচনায় আসা ওই প্রশ্নপত্রের ১৫ নম্বরে উল্লেখ রয়েছে- ‘ভরসা হলো, আর দমাতে পারবে না। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের এই ভরসা হওয়ার কারণ’। প্রশ্নের উত্তরের অপশনগুলোর মধ্যে বলা হয় : ‘(ক) বাঙালি বুঝেছে তাদের মুখের ভাষা কেড়ে নিতে চায়; (খ) একুশে ফেরুণ্যারি গুলি হওয়ার খবরে সারা দেশে হরতাল হয়েছে; (গ) ফরিদপুরে রাজবন্দীর মুক্তি চেয়ে সেঁগান হওয়ায়; এবং (ঘ) বঙ্গবন্ধুকে জেল থেকে মুক্তি দেওয়ায়।’

এই প্রশ্নের সূত্র নিয়ে শিক্ষার্থীরা ইতোমধ্যেই সামাজিক মাধ্যমে প্রশ্ন তুলেছেন। একজন লিখেছেন, ‘জুলাই যেতে না জেতেই শেখ মুজিবুর রহমানকে হিরো বানিয়ে এমন প্রশ্ন সংবেদনশীলতা লজ্জন করেছে।’ আরেক শিক্ষার্থী লিখেন, ‘বিষয়বস্তুর প্রাসঙ্গিকতা থাকলেও এমন প্রশ্ন করার আগে আরও সতর্ক হওয়া উচিত ছিল। আমরা শ্রদ্ধা করি, কিন্তু প্রশ্নের কাঠামো আমাদের বিভ্রান্ত করেছে।’

এদিকে মাদ্রাসা শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, প্রশ্নটি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) প্রকাশিত মূল পাঠ্যবই থেকে নেওয়া হয়েছে। পাঠ্যবইয়ে এখনও ওই অংশ বিদ্যমান থাকায় উদ্দেশ্যপ্রণোদিতভাবে তা কেউ প্রশ্নে অন্তর্ভুক্ত করেছে।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. মোহাম্মদ কামরুল আহসান বলেন, আলিম পরীক্ষার বাংলা প্রশ্নপত্রের বিষয়ে অবগত হয়েছি। ইতোমধ্যে আমাকেসহ ৪ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে, ৭ দিনের মধ্যে তদন্ত রিপোর্ট বোর্ডে জমা দেওয়া হবে। অভিযুক্তকে বহিক্ষার করা হবে। তিনি বলেন, যিনি এই কাজটি করেছেন তিনি উদ্দেশ্যপ্রণোদিতভাবে করেছেন। এ ছাড়া এনসিটিবির বাংলা পাঠ্যবইয়ে এখনও ‘বঙ্গবন্ধু’ এ বিষয়টি রয়েছে।